নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৫২৭ তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৭ / ১৫ ডিসেম্বর ২০২০

# পরিপত্র-৬

**বিষয়ঃ পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে পৌরসভা নির্বাচনে প্রার্থীদের যোগ্যতা অযোগ্যতা সংক্রান্ত আইনের কতিপয় বিষয় স্পষ্টীকরণ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সারা দেশে ৩২৯টি পৌরসভার মধ্যে মাননীয় নির্বাচন কমিশন প্রথম ধাপে ২৫টি পৌরসভায় ২৮ডিসেম্বর ২০২০ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ২২ নভেম্বর ২০২০ তারিখে তফসিল ঘোষণা করেছেন। অবশিষ্ট পৌরসভা নির্বাচনের সময়সূচি পর্যায়ক্রমে একাধিক ধাপে ঘোষণা করা হবে। পৌরসভা নির্বাচনের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯; স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এবং পৌরসভা (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৫ এ অনেক নতুন বিষয় অন্তর্ভুক্ত হয়েছে। এ সকল নতুন বিষয়াদি সকলের জানা আবশ্যক। অনেকেই এইবারই প্রথম প্রার্থী হবেন। এছাড়া রিটার্নিং অফিসারগণের কাজের সুবিধার্থে বিষয়গুলো স্পষ্টীকরণের প্রয়োজন। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১৯(১) ও ১৯(২) এ যথাক্রমে প্রার্থীদের যোগ্যতা ও অযোগ্যতার বিষয়ে উল্লেখ রয়েছে। তাঁদের নির্বাচনি আইন, নির্বাচন পরিচালনা বিধিমালা, আচরণ বিধিমালা এবং প্রার্থীদের যোগ্যতা-অযোগ্যতা সংক্রান্ত বিষয় নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হলো:

০২। **ফৌজদারি মামলার সাজা [আইনের ধারা ১৯(২)(ঘ)]:** কোন প্রার্থী ফৌজদারি বা নৈতিক স্খলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হয়ে অন্যূন ২ বছর কারাদণ্ডে দণ্ডিত হলে এবং উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল হলে এবং আপিল আদালত নিম্ন আদালতের রায় বা সাজা স্থগিত না করলে সংশ্লিষ্ট প্রার্থী নির্বাচনে অযোগ্য হবেন। এক্ষেত্রে উচ্চ আদালত আপিল গ্রহণ করলেও তিনি অযোগ্য হবেন বা সংশ্লিষ্ট প্রার্থী জামিন পেলেও অযোগ্য হবেন অর্থাৎ সংশ্লিষ্ট সাজা স্থগিত না হওয়া পর্যন্ত নির্বাচনে অযোগ্য হবেন। উক্তরূপ দণ্ডে তাঁর মুক্তিলাভের পর ০৫(পাঁচ) বছর কাল অতিবাহিত না হলেও তিনি অযোগ্য হবেন।

০৩। **স্বপদে থেকে নির্বাচন:** শুধুমাত্র পৌরসভার মেয়র, কাউন্সিলররা স্বপদে থেকেও নির্বাচন করতে পারবেন। তবে অন্য কোন স্থানীয় সরকার পরিষদের সদস্যরা স্বপদে থেকে পৌরসভা নির্বাচন করতে পারবেন না।

০৪। **মেয়র পদের স্বতন্ত্র প্রার্থীদের ক্ষেত্রে ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল:** মেয়র পদের স্বতন্ত্র প্রার্থীদের ক্ষেত্রে যারা ইতঃপূর্বে মেয়র বা পৌরসভার চেয়ারম্যান পদে নির্বাচিত হয়েছিলেন তাঁদের ক্ষেত্রে ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা সংযুক্তি-৩ মনোনয়নপত্রের সাথে দাখিল করার প্রয়োজন হবেনা। তবে অন্যান্য নতুন স্বতন্ত্র প্রার্থীগণকে ১০০ (একশত) ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দিতে হবে।

০৫। **প্রার্থী বা তাঁর পরিবারের কোন সদস্যের সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তির ক্ষেত্রে যোগ্যতা-অযোগ্যতা [আইনের ধারা ১৯(২)(ছ)]:** কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি থাকলে সংশ্লিষ্ট প্রার্থী নির্বাচনে অযোগ্য হবেন না। তবে পৌরসভার সাথে সম্পৃক্ত চুক্তির ক্ষেত্রে অযোগ্য হবেন।

০৬। **প্রার্থী বা তার পরিবারের কোন সদস্যের পৌরসভার কোন বিষয়ে আর্থিক স্বার্থ থাকার ক্ষেত্রে যোগ্যতা-অযোগ্যতা [আইনের ধারা (১৯(২)(জ)]:** বাস্তবায়নাধীন/চলমান প্রকল্পের সাথে সম্পৃক্ত ঠিকাদারগণ নির্বাচনে অযোগ্য হবেন। নির্বাচনি তফসিল ঘোষণার পর ঠিকাদারি হস্তান্তর করলে বা পাওয়ার অব এটর্নি পরিবর্তন করলেও সংশ্লিষ্ট পৌরসভার নির্বাচনে অযোগ্য হবেন। তবে অনেক পূর্বে কাজ করতেন এবং বর্তমানে করেন না, এমন ক্ষেত্রে অযোগ্য হবেন না।

০৭। **এমপিওভুক্ত স্কুল কলেজের শিক্ষকগণের চাকুরি বহাল রেখে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা:** এমপিওভুক্ত বেসরকারি স্কুল কলেজের শিক্ষকগণ স্বীয় পদে থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। সরকারি স্কুল কলেজের শিক্ষকগণ চাকুরি থেকে ইস্তফা দিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। ইস্তফার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্তফা গৃহীত হওয়ার সপক্ষে কাগজপত্র দাখিল করতে হবে। ইস্তফা গৃহীত হওয়ার সপক্ষে কাগজপত্র দাখিল না করতে পারলে অযোগ্য হবেন।

০৮। **সরকারি চাকুরি হতে ইস্তফা দেয়া বা সরকারের নিকট পাওনা থাকা বা পিআরএল এ থাকাঃ** সরকারি চাকুরি হতে ইস্তফা দিলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্তফা গৃহীত হওয়া সাপেক্ষে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। সংশ্লিষ্ট প্রার্থী সরকারি চাকুরি হতে ইস্তফা দেয়ার দরখাস্ত দাখিল করলেই তা ইস্তফা বলে বিবেচিত হবে না। পেনশনভুক্তরা নির্বাচনে যোগ্য হবেন। তবে সরকারি চাকুরি হতে অব্যাহতি নিলে ০৩(তিন) বছর অপেক্ষা করার প্রয়োজন হবে না। পিআরএল চাকুরির অংশ নয় বিধায় পিআরএল-এ থাকলে নির্বাচনে যোগ্য হবেন।

০৯। উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট প্রার্থীদেরকে অবহিত করা এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

১০। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হইল।

১৫/১২/২০২০


**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com


বিতরণ: ..........................................অফিসার
ও
রিটার্নিং অফিসার,..................................পৌরসভা সাধারণ নির্বাচন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৫২৭

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, .......................................................(সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার, .................................. (সংশ্লিষ্ট) বিভাগ
১০. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৫. জেলা প্রশাসক, ..................................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................. (সংশ্লিষ্ট) অঞ্চল
১৭. পুলিশ সুপার, ..................................................(সংশ্লিষ্ট)
১৮. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ...................................(সংশ্লিষ্ট)

২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)

২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৪. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ................................. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৫. অফিসার-ইন-চার্জ, ....................................................(সংশ্লিষ্ট) থানা।

২৫/১১/২০২০

**( মোহাম্মদ মোরশেদ আলম )**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৫২৫
Email: sasemc1@gmail.com